



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION
27, Ballygunge Circular Road, Kolkata - 700019
2nd Term: Answer Work Sheet - 18



Class: 3

Subject: Bengali Text (তালগাছ)

Date: 11/11/2020

১। তালগাছ কবিতাটি কবির নাম সহ শেষ ৮ লাইন লেখ ।

উঃ তালগাছ

রবীন্দ্রনাথ ঠাকুর

তার পরে হাওয়া যেই নেমে যায় ,

পাতা কাঁপা খেমে যায় ,

ফেরে তার মনটি

যেই ভাবে মা যে হয় মাটি তার ,

ভালো লাগে আরবার

পৃথিবীর কোণটি ।

২। হাওয়া খেমে গেলে তালগাছের ওড়া খেমে যায় কেন ?

উঃ তালগাছের ডানা নেই । তাই সে তার গোল গোল পাতায় হাওয়া লাগলে মনে মনে ভাবে এটাই তার ডানা । তাই হাওয়ায় ভর করে ওড়ার কল্পনা করে । যখন হাওয়া খেমে যায় পাতাগুলো আর নড়ে না । তাই কবি বলেছেন হাওয়া খেমে গেলে তালগাছের ওড়াও খেমে যায় ।

৩। ‘তারাদের এড়িয়ে , যেন কোথা যাবে ও’----- কার কথা বলা হয়েছে ? সে

তারাদের এড়িয়ে যেতে চাইছে কেন ?

উঃ তালগাছের কথা বলা হয়েছে ।

তালগাছ অনেক উঁচু হয় । আর তার মাথার উপর গোল গোল পাতায় হাওয়া লেগে দুলতে থাকে । আকাশে মেঘেদের উড়তে দেখে তালগাছের সাধ হয় ওড়ার । কিন্তু ওড়ার জন্য তার কাছে কোন ডানা ছিল না । তাই সে মনে মনে ভাবে তার পাতার সাহায্যে সে অনেক উঁচুতে উড়ে যাবে , যেখানে তারারা থাকে । সে তারাদের ছাড়িয়ে আরো উঁচুতে উড়ে বেড়াবে ।

৪। মাটিকে তালগাছের মা বলা হয়েছে কেন ?

উঃ বেশিরভাগ গাছ মাটিতে জন্মায় । যে জন্ম দেয় তাকে আমরা জন্মদাত্রী বা মা বলে জানি । মা যেমন সন্তানকে খাদ্য দিয়ে , বিপদ থেকে রক্ষা করে বড় করে । মাটিও তেমনি গাছকে খাদ্য দিয়ে , বন্যা ঝড় ঝাপটার হাত থেকে রক্ষা করে বড় করে তোলে । তাল গাছ অনেক উঁচু । ঝড় হলে বা জোড়ে হাওয়া দিলে তালগাছ খুব দুলতে থাকে । তালগাছের শিকড় মাটিকে আঁকড়ে ধরে নিজেকে বাঁচায় । তাই কবি মাটিকে তালগাছের মা বলেছেন ।

Manashi Chaudhuri